কালের কণ্ঠ

তারিখ ... 09 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...



শিক্ষামন্ত্রী গত মঙ্গলবার ওয়াশিংটন ডিসিতে বিশ্বব্যাংকের সদর দপ্তরে সংস্থাটির উচ্চ পর্যায়ের নেতাদের সঙ্গে বৈঠক করেন। ছবি : কালের কণ্ঠ

### ওয়াশিংটনে শিক্ষামন্ত্রী

# শিক্ষার উন্নয়নে নতুন প্রকল্পের আশ্বাস বিশ্বব্যাংকের

**নিজস্ব প্রতিবেদক ▷**

বাংলাদেশে শিক্ষার গুণগত মান উন্নয়নসহ শিক্ষার প্রসারে চলমান সাহায্য-সহযোগিতা অব্যাহত রাখবে বিশ্বব্যাংক। যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে বিশ্বব্যাংকের সদর দপ্তরে গত মঙ্গলবার বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের উচ্চপর্যায়ের এক বৈঠকে বিশ্বসংস্থাটির পক্ষ থেকে এ আশ্বাস দেওয়া হয় বলে শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। বৈঠকে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং বিশ্বব্যাংকের পক্ষে নেতৃত্ব দেন সংস্থাটির ভাইস প্রেসিডেন্ট এনিট ডিক্সন।

বৈঠকে বাংলাদেশে শিক্ষার উন্নয়নে বিশ্বব্যাংকের বিভিন্ন প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনাকালে বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্ট বাংলাদেশে শিক্ষার ব্যাপক উন্নয়ন, নারীশিক্ষার প্রসার ও মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ঝরে পড়া রোধ, কারিগরি শিক্ষায় গুরুত্বারোপসহ সামগ্রিক শিক্ষা খাতে বিশ্বপ্রশংসিত সফলতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার ও শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপির ভূয়সী প্রশংসা করেন।

বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্ট এনিট ডিক্সন বৈঠকে জানান, বাংলাদেশে শিক্ষার উন্নয়নে চলমান সহযোগিতা অব্যাহত রাখার পাশাপাশি আরো নতুন নতুন প্রকল্প গ্রহণের জন্য বিশ্বব্যাংক উদ্যোগ নেবে। আগামী অক্টোবর মাসে বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট ড. জিম ইয়ং কিম বাংলাদেশ সফর করবেন বলে বৈঠকে মিজ এনিট ডিক্সন জানান।

বৈঠকে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানান, দেশের দ্রুত উন্নয়নে প্রয়োজনীয় দক্ষ জনশক্তি গড়ে তুলতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে।